# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২৮

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫৫. নতুন পোশাক পরিধানের সময় যা বলবে

باب مَا يَقُولُ إِذَا لَبِسَ ثَوْبًا جَدِيدًا

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ الْمُقْرِئُ حَدَّثَنَا سَعِيدٌ هُوَ ابْنُ أَبِي أَيُّوبَ عَنْ أَبِي مَرْحُومٍ عَنْ سَهْلِ بْنِ مُعَاذِ بْنِ أَنَسٍ عَنْ أَبِيهِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ لَبِسَ ثَوْبًا فَقَالَ الْحَمْدُ لِلَّهِ الَّذِي كَسَانِي هَذَا وَرَزَقَنِيهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِنِّي وَلَا قُوَّةٍ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ

## বাংলা

২৭২৮. সাহল ইবনু মুআয ইবনু আনাস থেকে তার পিতার সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ “যে ব্যক্তি কোনো পোশাক পরিধান করে একথাগুলি বলে, ”আলহামদু লিল্লাহিল্লাযী কাসানী হাযা ওয়া রযাক্বানীহি মিন গাইরি হাওলিম মিন্নী ওয়ালা কুওয়াতিন” (অর্থ: সমস্ত প্রশংসা আল্লাহ তা’আলার জন্য যিনি আমাকে আমার শক্তি ও ক্ষমতা ব্যতীত এটি পরিধান করিয়েছেন ও তা রিযিকরুপে দান করেছেন’), তাহলে তার পূর্ববর্তী গুনাহসমুহ মাফ করে দেয়া হবে।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আহমাদ ৩/৪৩৯; আবূ দাউদ, লিবাস ৪০২৩; তিরমিযী, দাওয়াত ৩৪৫৪; ইবনুস সুন্নী, আমলূল ইয়াওমু ওয়াল লাইলাহ নং ২৭১; ইবনু মাজাহ, আতইমাহ ৩২৮৫; হাকিম৪/১৬২ হাসান সনদে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83013

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন